# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩২৬

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৩৭. শসা ও তাজা খেজুর একত্রে মিশিয়ে খাওয়া

بَاب الْقِثَّاءِ وَالرُّطَبِ يُجْمَعَانِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ، وَعَمْرُو بْنُ رَافِعٍ، قَالاَ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ الْوَلِيدِ بْنِ أَبِي هِلاَلٍ الْمَدَنِيُّ، عَنْ أَبِي حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَأْكُلُ الرُّطَبَ بِالْبِطِّيخِ ‏.‏

বাংলা

৩/৩৩২৬। সাহল ইবনে সাদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাজা খেজুর তরমুজের সাথে মিশিয়ে আহার করতেন।

## English

It was narrated that Sahl bin Sa’d said:
“The Messenger of Allah (ﷺ) used to eat dates with melon.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ৫৭, ৫৮, আল-মুখতাসার ১৭০।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইয়াকুব ইবনুল ওয়ালীদ বিন আবু হিলাল আল-মাদীনী সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি গায়র সিকাহ। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি মিথ্যুকদের একজন, তিনি জাল (বানিয়ে) হাদিস বর্ণনা করতেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, আহমাদ বিন হাম্বল তাকে মিথ্যুক বলেছেন। আমর বিন আলী আল-ফাল্লাস বলেন, তিনি হাদিস বর্ণনায় খুবই দুর্বল। ইয়াকুব বিন সুফইয়ান বলেন, আমি আমার সাথীদের থেকে শুনেছি তারা তাকে দুর্বল বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭১০৬, ৩২/৩৭২ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইয়াকুব ইবনুল ওয়ালীদ বিন আবু হিলাল আল-মাদীনী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৬৭ টি শাহিদ হাদিস রয়েছে, ৪ টি জাল, ২৫ টি খুবই দুর্বল, ২৩ টি দুর্বল, ৮ টি হাসান, ৭ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ১৮৪৩, আবু দাউদ ৩৮৩৬, আহমাদ ১২০৪১, ১২০৫১, মু'জামুল আওসাত ৯০৪, ৭৯০৭, শারহুস সুন্নাহ ২৮৯৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44290

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন